

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১০, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আইন ও বিচার বিভাগ

বিচার শাখা-৪।

প্রজ্ঞাপন

তারিখ, ২৬ আষাঢ় ১৪২০ বঙ্গাব্দ/১০ জুলাই ২০১৩ খ্রিস্টাব্দ

নং এস,আর,ও নং ২৪৮ আইন/২০১৩।—অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (২০০১ সনের ১৬ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার প্রত্যেক জেলার জন্য উক্ত জেলার—

- (ক) প্রথম যুগ্ম-জেলা জজ আদালত বা, ক্ষেত্রমত, সদর যুগ্ম-জেলা জজ আদালত-কে অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনাল; এবং
- (খ) দফা (ক) এ উল্লিখিত যুগ্ম-জেলা জজ আদালত ব্যতীত অন্যান্য যুগ্ম-জেলা জজ আদালত এবং সকল সিনিয়র সহকারী জজ আদালত-কে অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ অতিরিক্ত ট্রাইব্যুনাল; হিসাবে স্থাপন করিল।

(৫৪৬৩)

মূল্য : টাকা ৪.০০

২। উক্ত আইনের অধীন সকল আবেদন সংশ্লিষ্ট জেলার জন্য স্থাপিত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনালে পেশ করিতে হইবে এবং উক্ত ট্রাইব্যুনাল তৎকর্তৃক গুনানীর জন্য গৃহীত আবেদনসমূহের মধ্যে যে কোন আবেদন নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট জেলার অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ অতিরিক্ত ট্রাইব্যুনালে স্থানান্তর করিতে পারিবে।

৩। অত্র বিভাগের ০২ শ্রাবণ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ১৭ জুলাই, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৬০-আইন/২০১২ এতদ্বারা বাতিল করা হইল এবং বাতিলকৃত প্রজ্ঞাপন দ্বারা স্থাপিত ট্রাইব্যুনালে পেশকৃত এবং নিষ্পন্নাদীন সকল আবেদন—

- (ক) এই প্রজ্ঞাপন দ্বারা স্থাপিত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনালে স্থানান্তরিত হইবে; এবং
- (খ) উক্ত স্থানান্তরিত আবেদনসমূহ এমনভাবে চলমান ও অব্যাহত থাকিবে যেন উক্ত আবেদনসমূহ স্থানান্তরিত ট্রাইব্যুনালে ও নিষ্পন্নাদীন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শাহীন উদ্দিন
সিনিয়র সহকারী সচিব।